

# বাংলাদেশ মাদ্রাসাশিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশাসন/কুড়িগ্রাম-১১৫/৯৭

তারিখ:

২৬ চৈত্র ১৪৩২

০৯ এপ্রিল ২০২৬

## বিষয়: কারণ দর্শানো প্রসঙ্গে

১। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশা/কুড়িগ্রাম-১১৫/১৮৪; তারিখ: ২৭/১১/২০২৫ খ্রি.


২। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের স্মারক নং-০৫.৪৭.৪৯৭৭.০০০.০৩.০০৫.২০২৫-১৩৫; তারিখ: ২৯/০১/২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, কুড়িগ্রাম জেলার রাজারহাট উপজেলাধীন পাঠানহাট মহিলা দাখিল মাদ্রাসার (ইআইআইএন-১২২৫১৬) সুপার ও প্রস্তাবিত ম্যানেজিং কমিটি বাতিলের জন্য খন্দকার মো: আসাদুজ্জামান একটি অভিযোগ দাখিল করেছেন। অভিযোগসহ সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণের জন্য সূত্রোক্ত ০১ নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, রাজারহাট, কুড়িগ্রাম কে পত্র দেয়া হয়। তদন্তকারী কর্মকর্তা সূত্রোক্ত ২ নং স্মারকে তদন্তপূর্বক মতামত প্রদান করেছেন।

দাখিলকৃত তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, অভিযোগকারীর অভিযোগের সত্যতা প্রমানিত হয়েছে মর্মে তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক মতামত প্রদান করেছেন।

বর্ণিত অবস্থায়, তদন্তকারী কর্মকর্তার সরেজমিনে তদন্তপূর্বক প্রতিবেদনের আলোকে অভিযোগ প্রমাণিত হওয়ায় ম্যানেজিং কমিটি কেন ভেঙ্গে দেয়া হবে না সে বিষয়ের সুস্পষ্ট ব্যাখ্যা পত্র জারির ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে



২০.৪.২৬

প্রফেসর ছালেহ আহমাদ

রেজিস্ট্রার

ফোনঃ ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

১। সভাপতি

পাঠানহাট মহিলা দাখিল মাদ্রাসা

ডাকঘর: রাজারহাট, উপজেলা: রাজারহাট, জেলা: কুড়িগ্রাম

২। সুপার/ভারপ্রাপ্ত সুপার

পাঠানহাট মহিলা দাখিল মাদ্রাসা

ডাকঘর: রাজারহাট, উপজেলা: রাজারহাট, জেলা: কুড়িগ্রাম।

নং-বামাশিবো/প্রশাসন/ কুড়িগ্রাম-১১৫/৯৭ / ২

তারিখ:

২৬ চৈত্র ১৪৩২

০৯ এপ্রিল ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, কুড়িগ্রাম;
২. জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম;
৩. উপজেলা নির্বাহী অফিসার, রাজারহাট, কুড়িগ্রাম;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাজারহাট, কুড়িগ্রাম;
৫. পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৬. অফিস কপি।



০৭.০৪.২৬

মোঃ আব্দুর রশিদ

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

ফোনঃ ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd